

কবিতা



কবিঃ রোদুর

email: roddur70@gmail.com

তোমাকে ভালবেসে কৌশিক

এই লাভার পোশাকে বসে তোমাকে ভাবছি কৌশিক
তোমার শ্বেতপদুর মত অনুভব
ঘিরে রেখেছে আমার হৃদয়

এতেও কোনো গতি নেই
জানি

তুমি বলবে কিছুই তো মিলল না রোদুর

আমি উনুখ দেখি তোমার বধির হয়ে যাওয়া
আর জানি

এই মেঘের মত কালো দিনে
তুমি আমাকে দিয়েছ একমুঠো স্বচ্ছ বাতাস

তাই তো
সেদিন যখন দিগ্বিদিক কাঁপিয়ে বরষা নামল
আমি তোমার পায়ে মাথা রাখলাম
মাথা কুটে মরলাম
কার জন্য জানিনা

শুধু মহাজীবনের শ্রুতি আমাকে ভাসিয়ে রাখল
শিলার মত
আমি ভাসতে ভাসতে মস্ত এক গাভী হয়ে

জড়িয়ে ধরলাম শিলালিপি
আমার দিগন্তে তখন বসন্ত -
বান ডেকেছে
নারীরা করিছে স্নান - চরাচর পারে।

খোয়া খোয়া চাঁদ

এই সব ছবির একই নাম - খোয়া খোয়া চাঁদ
অজানা সরণীর একই গল্প
যতই ভাবিনা কেন, যাব না আর
সর্বনাশী এসে বলে দক্ষ কর হাত
তোমার আলস্যের দুপুর বেলায়।

তাই ভাবি -
পালাবার কি আছে উপায় ?
সর্বনাশী তোর শরীর ঘিরে আমার যাবতীয় দায়
ক্রমাগত ঠেলে দেয় অদেখা ঝরোখার দিকে।

শুধোই
নষ্ট যদি মেয়ে তুই
নষ্ট কেন নয় আমার পুরুষ দুপুর।

তবুও ক্ষমা নেই
চকিত ঝিলিকে মারলি আমায়
শয়নে-স্বপনে-জাগরণে - সব দেখে শুনে
খোয়া খোয়া চাঁদ, ঝাঁপ দিল
আমার এই অনন্ত উঠোনে।